শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
চট্টগ্রাম অঞ্চল
বন পাহাড়, নন্দনকানন, চট্টগ্রাম
www.forest.chittagongdiv.gov.bd

স্মারক নং- ২২.০১.০০০০.৭০১.১১.০০১.২১.২২৪২

তারিখঃ ২০/০৯/২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূণ্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://bfdctg.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | জুনিয়র ওয়াইল্ডলাইফ স্কাউট | ০৪ (চার) | গ্রেড-১৭ বেতন স্কেল টাকা ৯,০০০-২১,৮০০ | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি.। | **চট্টগ্রাম বিভাগ** চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী ও লক্ষীপুর জেলা। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | অফিস সহায়ক | ১৭ (সতের) | গ্রেড-২০ বেতন স্কেল টাকা ৮,২৫০-২০,০১০ | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সুস্বাস্থ্যের অধিকারী। | |

## আবেদন ফরম পুরণ ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত শর্তাবলী

১. ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://bfdctg.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত আবেদনপত্র পুরণ করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময় ২৭/০৯/২০২১ খ্রিঃ সকাল ১০.০ টা।
(i) Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১/১০/২০২১ খ্রিঃ বিকাল ৫.০ টা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে user ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এস.এম.এস. এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য-৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য-৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্য সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Applicant's Preview দেখা যাবে। নির্ভুল আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২ টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** BFDCTG<space>USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BFDCTG ABCDEF Reply: Applicant's Name, TK 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee, Type BFDCTG<space>YES<space>PIN Send to 16222

**দ্বিতীয় SMS:** BFDCTG<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BFDCTG YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BFDCTG Application for the post of XXXXXXXXXX UESER ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://bfdctg.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েবসাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে প্রথম BFDCTG <space>Help<space>USER<space>USER ID & Send to 16222. Example:BFDCTG HELP USER ABCDEF.

(ii) PIN Number জানা থাকলে BFDCTG<space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222. Example:BFDCTG HELP PIN 12345678

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) Online- এ আবেদন দাখিলের ক্ষেত্রে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd -তে ই-মেইল করে বা যে কোন টেলিটক নম্বর হতে ১২১ এ কল করে জানা যাবে। মেইল এর Subject এ Organization Name: CFCTG, Post Name: ****, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৪. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

ঘ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

ঙ) আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

চ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy).

৫. সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হবে। প্রার্থীদের এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারিরীক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬. উপরোক্ত ছকের ক্রমিক নং ০১ এ বর্ণিত পদের প্রার্থীদের বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল ২ অনুযায়ী বাংলা, ইংরেজী, গণিত ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় এবং ক্রমিক নং ০২ এ বর্ণিত পদের প্রার্থীদের তফসিল ৩ অনুযায়ী বাংলা, ইংরেজী ও গণিত বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৭. সরকারি নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশত: নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯. কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেয়া হবে না।

১১. নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোন বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার ও বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৪. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ হোছাইন)
সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড, চট্টগ্রাম বিভাগ
ও
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, চট্টগ্রাম